তারিখ ২০ SEP 1987
পৃষ্ঠা ... ১ ... কলাম ৭ ...

দৈনিক ইত্তেফাক

C30

# ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে ১১ জন ছাত্র বহিস্কৃত

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অস্ত্র-সহ আইন-শৃঙ্খলার পরিপন্থী তৎপরতায় জড়িত থাকার অভিযোগে ১২ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। ইহাদের মধ্যে ১১ জনকে বহিষ্কার ও অবাঞ্ছিত ঘোষণা, এক জনকে ২ বছরের জন্য বহিষ্কার এবং ৫ জনকে আইন-শৃঙ্খলা পরিপন্থী কাজে অংশগ্রহণ না করার জন্য সতর্ক করিয়া দেওয়া হইয়াছে।

গত শুক্রবার ডিসিপ্লিনারী বডির সুপারিশক্রমে গতকাল (শনিবার) সিণ্ডিকেটের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

বহিষ্কার ও অবাঞ্ছিতের তালিকায় রহিয়াছে ছাত্রদলের ৮ জন যথাক্রমে মোঃ গোলাম ফারুক (অভি) ৩য় বর্ষ বি,এসএস (সম্মান) পরীক্ষার্থী সমাজ বিজ্ঞান বিভাগ (রোল নং ম-৫২৯), মোঃ সানাউল হক নীরু (দর্শন বিভাগ হইতে মাষ্টার্স পরীক্ষা দিয়াছে), শফিকুল ইসলাম শফিক ১ম বর্ষ বি কম (সম্মান) মার্কেটিং বিভাগ (রোল নং ম—২২০৬), মাহবুবুর রহমান মাহবুব (রাষ্ট্র বিজ্ঞান বিভাগ থেকে মাষ্টার্স পরীক্ষা দিয়াছে), আবদুল মালেক প্রথম বর্ষ (সম্মান)

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ১১ জন বহিষ্কৃত

(১ম পৃঃ পর)

ব্যবস্থাপনা বিভাগ (রোল নং—২৩৯৩), মোঃ কামরুজ্জামান (রতন ৩য় বর্ষ সম্মান পরীক্ষার্থী ইতিহাস বিভাগ (রোল নং ম-৫৪০), মোঃ বজলুর রহমান খান শহীদ এম এ শেষ বর্ষ, ইতিহাস (রোল নং স্থ-১৯২৬), মোঃ ইলিয়াস আলী ১ম প. এমকম ফিন্যান্স বিভাগ রোল নং জ-১৬০১)। ছাত্রলীগের (মু-না) তিনজনের নাম আবু হাসান মুরাদ, ২য়বর্ষ বি,এসএস রাষ্ট্র বিজ্ঞান বিভাগ (রোল নং সূ-১২৩৭), নাসিরুদ্দিন শিপন এম, এ শেষ পঃ ইতিহাস (রোল নং ম-১২২) ও শা-ই-আকরাম ৩য় বর্ষ বি,এস-এস (সম্মান) রাষ্ট্র বিজ্ঞান বিভাগ (রোল নং ১১৯০)। ২ বছরের জন্য যে ছাত্রকে বহিষ্কারাদেশ প্রদান করা হইয়াছে তাহার নাম গোলাম মোরতুজা। সে ডিপ্লোমা গ্রন্থাগার বিজ্ঞান বিভাগের ছাত্র (রোল নং সু-১১১) এবং বিলুপ্ত জাতীয় ছাত্র সমাজকর্মী।

যে ৫ জন ছাত্রকে সতর্ক করিয়া দেওয়া হইয়াছে তাহারা হইল, মোঃ কামরুজ্জামান চৌধুরী বাবু এম বি,এ শেষ পর্ব রোল নং সু-২১, মির্জা মাসুদ (জুয়েল) ১ম বর্ষ (সম্মান) ব্যবস্থাপনা রোল নং সু-২২৮৫, হাসিবুর রহমান মুকুর ৩য় বর্ষ বি কম (সম্মান) ব্যবস্থাপনা বিভাগ রোল নং ম-২২০২, মোঃ নাজিমুদ্দিন আলম ডিপ্লোমা গ্রন্থাগার বিজ্ঞান রোল নং ম-১২৮ ও মোঃ ইকবাল হোসেন মাষ্টার অব ডেমোগ্রাফী রোল নং ম-১৮। অভিযোগ প্রমাণিত না হওয়ায় দুইজন ছাত্রের বিরুদ্ধে কোনপ্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় নাই।